



তিব্বতে ভূমিকম্পে প্রাণহানি বেড়ে ১৮, আহত ৩২



ছবি: সংগৃহীত

চীনের তিব্বত মালভূমিতে শক্তিশালী ভূমিকম্পে অন্তত ১৮ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ৩২ জন। তাঁদের মধ্যে ১১ জনের আঘাত গুরুতর বলে জানিয়েছে স্থানীয় জরুরি সাড়াদান কেন্দ্র।

বৃহস্পতিবার (২২ অক্টোবর) স্থানীয় সময় রাত ১০টা ৩৩ মিনিটে ৭ মাত্রার ভূমিকম্পটি আঘাত হানে। চীনের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম সিসিটিভি জরুরি সাড়াদান কেন্দ্রের বরাতে হতাহতের তথ্য প্রকাশ করেছে।

ভূমিকম্পের পর প্রাথমিক পরিদর্শনে ৩৩৯টি বাড়ি ধসে পড়ার তথ্য পাওয়া গেছে। উদ্ধার ও তৎপরতা চালাতে এলাকায় ৩০০ জনের বেশি পুলিশ সদস্য পাঠিয়েছে স্থানীয় প্রশাসন। ক্ষতিগ্রস্ত এলাকায় উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে।

যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএসের তথ্য অনুযায়ী, ভূমিকম্পটির কেন্দ্র ছিল তিব্বতের নাগকু শহর থেকে প্রায় ১৯১ কিলোমিটার পূর্ব-উত্তরপূর্বে। এর পর ৫ দশমিক ২ মাত্রার একটি পরাঘাতও রেকর্ড করা হয়েছে।